# ট্রান্স ওয়ার্ল্ড রেডিও পুরুষদের জন্য প্রার্থনা ক্যালেণ্ডার, জানুয়ারী ২০২৩

**১। সাহসী হন** – কয়েক সময় আমাদের মনে হতে পারে যে প্রেম এবং করুণার উপর মন্দ এবং ঘৃণা স্পষ্টতই জয়ী হবে। কিন্তু ঈশ্বরকে ধন্যবাদ, তিনি আমাদের আশ্বাস দিয়েছেন যে ঘটনাটি সম্পূর্ণ বিপরীত (যোহন ১৬:৩৩) সাহসী হন! আমরা ঈশ্বরের প্রতিজ্ঞাগুলির উপর নিশ্চিতভাবে অবস্থান করতে পারি।

**২।সহভাগিতা** – এই শত্রুতাপূর্ণ পৃথিবীতে টিকে থাকার জন্য খ্রীষ্টিয় ভাই এবং বোনদের সঙ্গে আত্মিক সহভাগিতা গুরুত্বপূর্ণ। আপনার যদি এই ধরণের সহভাগিতা থাকে, তাহলে ঈশ্বরকে ধন্যবাদ দিন। যদি না থাকে, প্রার্থনা করুন যাতে তিনি আপনাকে একটি সহভাগিতা দেন। (ইব্রীয় ১০:২৪,২৫)

**৩। একটি সরল সাক্ষ্য** – কয়েক সময় আমরা খ্রীষ্টের বিষয়ে অন্যদের সঙ্গে কথা বলতে ভয় পাই কারণ আমাদের মনে হয় তাঁর বাক্য সম্পর্ক আমাদের জ্ঞান সীমিত। যাইহোক, সরলতা প্রায়ই সব থেকে ভালো। ঈশ্বরকে ধন্যবাদ দিই যে ঈশ্বর আপনার জন্য যা করেছেন সরলভাবে আপনি লোকদের কাছে তা বলতে পারেন। (যোহন ৯:২৫)

**৪। সমাপ্ত হলো** – মৃত্যুর আগে যীশুর বিখ্যাত শেষ বাণী ছিল, "সমাপ্ত হইল।" এখনও কী সম্পূর্ণ হয়নি, যাইহোক, সেটি হল জগতের সমুদয় জাতি এবং জনগোষ্ঠীর কাছে সুসমাচারের বাণী নিয়ে যাওয়া। প্রার্থনা করুন যাতে ঈশ্বর আপনাকে দেখিয়ে দেন কীভাবে আপনি মহান আদেশ সম্পূর্ণ করার ক্ষেত্রে অবদান রাখতে পারেন। (লূক ২৪:৪৭)

**৫। নিরীহ বা সাদাসিদে** – মরিয়ম এবং যোষেফ গালীলের একটি পিছনে থাকা দেশের একটি ক্ষুদ্র গ্রামের ক্ষুদ্র ব্যক্তি ছিলেন। তাঁরা নিরীহ ছিলেন কিন্তু তাৎপর্যহীন ছিলেন না!বিবেচনার বিষয়টি হচ্ছে ঈশ্বর তাদের কীভাবে ব্যবহার করেছিলেন। আজকের দিনেও এরকম হয়। ঈশ্বর কীভাবে আপনার জীবন ব্যবহার করবেন তা কিছু সময় পরে আপনি হয়তো দেখতে পারেন। আজ শুধু আপনাকে বিশ্বস্ত থাকতে হবে। (যাকোব ৪:৬)

**৬। রহস্য** – "অতএব সর্ব্ববিষয়ে আপন ভ্রাতৃগণের তুল্য হওয়া তাঁহার উচিত ছিল…" (ইব্রীয় ২:১৭,১৮)।ঈশ্বর তাঁর প্রিয় পুত্রের উপর উচ্চতম প্রত্যাশা রেখেছেন। যীশু তাঁর দুঃখভোগের মাধ্যমে মানবজাতির সঙ্গে নিজেকে চিহ্নিত

করতে সক্ষম হয়েছিলেন। একই ভাবে, ঈশ্বর তাঁর প্রিয় সন্তানদের দুঃখভোগকে ব্যবহার করে অন্যদের কাছে সেতু তৈরী করেন।

**৭। আনন্দ করুন** – “তোমরা প্রভুতে সর্বদা আনন্দ কর!” (ফিলি ৪:৪ক) অনেক সময় জীবনের পরিস্থিতিগুলি আনন্দ করার মতো থাকে না। কিন্তু যিনি আমাদের ভালোবাসেন, আমরা যখন সেই সর্বশক্তিমান প্রভুর সঙ্গে ঘনিষ্ঠভাবে যুক্ত থাকবো, তখন কোনও কিছুই আমাদের গভীর আনন্দ এবং তাঁর দ্বারা প্রদত্ত নিরাপত্তা হরণ করতে পারবে না। সেই কারণে, অবিরত তাঁর উপর আস্থা রাখুন এবং তাঁর বাধ্য হন।

**৮। স্মরণ করুন** – “পুনরায় বলিব, আনন্দ কর!” (ফিলিপীয় ৪:৪খ) আমরা বিস্মরণশীল। সেই কারণে, আমরা গীত ১০৩:২ পদে পাঠ করি, “হে আমার প্রাণ, সদাপ্রভুর ধন্যবাদ কর, তাঁহার সকল উপকার ভুলিয়া যাইও না।” ঈশ্বরের উপকারের বিষয়গুলির স্মরণ আমাদের বর্তমান চ্যালেঞ্জগুলির মোকাবিলা করার সাহস দেয়। তাঁকে আপনার বিশ্বাস এবং জীবনের দৃষ্টিভঙ্গির ভিত্তি হতে দিন।

**৯। শান্তভাব** – “তোমাদের শান্তভাব মনুষ্যমাত্রের বিদিত হউক” (ফিলি ৪:৫)। যেহেতু আমরা যীশুর, সেহেতু আমরা অন্তর থেকে আনন্দ করতে পারি এবং অন্যদের কাছে শান্তভাব দেখাতে পারি। আমরা যখন ঈশ্বরকে আমাদের আশীর্ব্বাদ করতে এবং রূপান্তরিত করতে দিই, তখন আমাদের জীবন সেই সমস্ত ব্যক্তিদের কাছে একটি আমন্ত্রণ হয় যারা তাঁকে বিশ্বাস করার জন্য আমাদের পর্যবেক্ষণ করেন।

**১০। দুশ্চিন্তা মুক্ত হন** – “কোন বিষয়ে ভাবিত হইও না, কিন্তু সর্ব্ববিষয়ে প্রার্থনা ও বিনতি দ্বারা ধন্যবাদ সহকারে তোমাদের যাচ্ঞা সকল ঈশ্বরকে জ্ঞাত কর” (ফিলি ৪:৬)। ঈশ্বরের দ্বারা কোনও কিছুই অসম্ভব নয়। প্রভুর সঙ্গে থাকার বিষয়ে যা কিছু আমাদর মানসিকভাবে ক্লিষ্ট করে আমরা তা পরিত্যাগ করতে পারি এবং তাঁর সমাধানের জন্য কৃতজ্ঞচিত্তে অপেক্ষা করতে পারি।

**১১। শান্তি** – “তাহাতে সমস্ত চিন্তার অতীত যে ঈশ্বরের শান্তি, তাহা তোমাদের হৃদয় ও মন খ্রীষ্ট যীশুতে রক্ষা করিবে” (ফিলি ৪:৭)। যীশুতে, আমি সমাধান না হওয়া প্রশ্নগুলো এবং সমস্যাগুলোর মোকাবিলা করতে পারবো। এটি তাঁর শান্তি যা আমাকে শান্ত এবং আস্থাবান থাকতে সক্ষম করে। সেই কারণে, আনন্দ করো: সমস্ত দুশ্চিন্তাকে “না” বলো এবং যাই ঘটুক না কেন তাঁর উপর আস্থা রাখুন।

**১২। আশীর্ব্বাদ ধন্য** – হে প্রভু, আমি সর্বদা নিজের উপলব্ধিকে অনুসরণ করতে এবং আমার নিজের নিয়ম তৈরী করতে চাই। প্রথমে তোমার অন্বেষণ করতে এবং

তোমার ইচ্ছার বশীভূত হতে আমাকে সাহায্য করো। “ধন্য সেই জন, যে সদাপ্রভুকে ভয় করে, যে তাঁহার আজ্ঞাতে অতিমাত্র প্রীত হয়” (গীত ১১২:১)

**১৩। উত্তরাধিকার** – আমাদের শিশুদের কাছে অনুকরণ যোগ্য মডেল হওয়া এবং তাদের সুবিবেচনাপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করার জন্য তাদের উৎসাহিত করা আমাদের কাছে একটি সুযোগ। হে প্রভু, আমাকে এমন একজন পিতা হতে সাহায্য করো যে তোমাকে সম্মান করে এবং যে পরবর্তী বংশের জন্য তোমার আত্মিক উত্তরাধিকার রেখে যাবে। “তাহার বংশ পৃথিবীতে বিক্রমশালী হইবে;সরল লোকের গোষ্ঠী ধন্য হইবে” (গীত ১১২:২)।

**১৪। চ্যানেল বা প্রণালী** – হে প্রভু, এই পৃথিবী যা কিছু দেয় তার থেকে দেবার মতো তোমার কাছে অনেক বেশী আছে। আমাকে এমন একজন পুরুষ করো যে তোমার সমস্ত আশীর্ব্বাদের চ্যানেল হবে এবং যার চরিত্র এবং মনোভাব আমার পরিবার এবং বন্ধুদের মহানভাবে সমৃদ্ধ করবে। “তাহার গৃহে ধন ও ঐশ্বর্য্য থাকে, তাহার ধার্মিকতা নিত্যস্থায়ী” (গীত ১১২:৩)।

**১৫।আশা** – সুসমাচার হচ্ছে আশার বাণী। খ্রীষ্ট ক্রুশের উপর আমাদের উদ্ধার করেছিলেন এবং যারা তাঁকে বিশ্বাস করে তাদের প্রত্যেককে তিনি ধার্মিক করেন। আপনার মাধ্যমে তাঁকে তাঁর জীবন যাপন করতে দিন এবং আজ আপনি আশার একজন এজেণ্ট হন।“সরল লোকের জন্য অন্ধকারে জ্যোতি উদিত হয়; সে কৃপাময়, স্নেহশীল ও ধার্মিক” (গীত ১১২:৪)।

**১৬।উদারতা –** ঈশ্বর উদার ব্যক্তিকে ভালোবাসেন। যারা অন্যদের তত্ত্বাবধান করে তিনি তাদের লক্ষ করেন এবং তাদের পুরস্কার দেবার প্রতিজ্ঞা করেছেন। “ যে জন কৃপা করে ও ঋণ দেয়, তাহার মঙ্গল হয়; সে বিচারে আপনার কথা নিষ্পন্ন করিবে” (গীত ১১২:৫)। আপনার চারিদিকের অভাবী লোকদের জন্য একটি সংবেদনশীল হৃদয়ের জন্য এবং মুক্ত হাতের জন প্রার্থনা করুন।

**১৭।ধার্মিক –** একজন ধার্মিক এবং ঈশ্বরীয় লোকের পুরুষের প্রভাব বিস্ময়কর। সময় এবং অনন্তকালের জন্য তাঁর জীবন গণ্য হবে। “কারণ সে কোনও কালে বিচলিত হইবে না; ধার্ম্মিক চিরকাল স্মরণে থাকিবে” (গীত ১১২:৬)। হে প্রভু, আমাকে এমন একজন পুরুষে পরিণত করো যে তোমার প্রতিজ্ঞাগুলিতে অবিচল থাকবে এবং যে জীবনের ঝড়গুলির মধ্যে অন্যদের তোমার উপর আস্থা রাখতে উৎসাহিত করবে।

**১৮। অশুভ সংবাদ –** যেহেতু শেষ কালের চিহ্ন হিসাবে যুদ্ধ এবং যুদ্ধের জনরব, দুর্ভিক্ষ, মহামারী এবং ভূমিকম্প বৃদ্ধি পায়, বিশ্বাসের ব্যক্তি প্রভুর আগমনের প্রতীক্ষা করে। "অসুভ সংবাদেও সে ভয় করিবে না; ধার্ম্মিক চিরকাল স্মরণে থাকিবে।" হে প্রভু, এই সংকটের সময়গুলিতে আমাকে তোমার সাক্ষ্য করো।

**১৯।নিরাপদ –** আপনি যদি আপনার জীবন ঈশ্বরকে পরিচালনা করতে দানকারী একজন পুরুষ হন, তাহলে আপনি গীত ১১২:৮ পদটির প্রতিজ্ঞার অভিজ্ঞতা লাভ করবেন।"তাহার চিত্ত সুস্থির; সে ভয় করে না।" আমাদের চারিদিকে এমন লোকেরা পরিবেষ্টিন করে আছে যারা ভয় এবং আশাহীনতায় পঙ্গু হয়ে আছে। পার্থক্য তৈরী করার জন্য প্রার্থনা করুন। যা আপনাকে নিরাপদ করেছে এবং আশা দিয়েছে তা আপনি অন্যদের কাছে সহভাগিতা করুন।

**২০।এটি অন্যদের কাছে দিয়ে দিন –** আমরা যখন আমাদের সমস্ত অন্তঃকরণ সহ ঈশ্বরকে ভালোবাসি, তখন তিনি আমাদের অন্যদের একইভাবে ভালোবাসতে সক্ষম করেন।এমন একজন পুরুষ হওয়ার জন্য প্রার্থনা করুন যিনি আজ ঈশ্বরের ভালোবাসার চ্যানেল হবেন। পরিত্রাণের সুসমাচার ছড়িয়ে দিন এবং অন্যদের মঙ্গল করুন। "সে বিতরণ করিয়াছে, দরিদ্রদিগকে দান করিয়াছে, তাহার ধার্ম্মিকতা নিত্যস্থায়ী…" (গীত ১১২:৯)।

**২১। আব্বা পিতা –** গালাতীয় ৪:৬ পদে প্রেরিত পৌল ঈশ্বরের সঙ্গে আমাদের ঘনিষ্ঠ সম্পর্কের বিষয়টি প্রকাশ করার জন্য "আব্বা পিতা" উক্তিটি ব্যবহার করেছিলেন! প্রার্থনা করুন আপনার সন্তানরাও যেন বাবা মা হিসাবে, আপনার সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্কের মধ্যে জীবনযাপন করার আনন্দ উপভোগ করতে পারে!এই সংযোগ সর্বদা খোলা রাখুন।

**২২। যীশুর কাছে পরিচালিত করুন –** পিতা হিসাবে, মথি ১৯:১৩ পদের উল্লেখ অনুসারে, আমাদের সর্বোচ্চ সুযোগ আছে আমাদের সন্তানদের যীশুর কাছে নিয়ে আসার। আপনার সন্তানদের আশীর্ব্বাদ করার জন্য প্রভুর কাছে যাচ্ঞা করুন। অনুধ্যানের একটি উপভোগ্য সময়ের মধ্য তাদের পরিচালিত করুন এবং আপনি যখন বাইবেল অধ্যয়ন করবেন তখন ঈশ্বরীয় নীতিগুলির গুরুত্ব সহভাগিতা করুন এবং একসঙ্গে প্রার্থনায় মধুর সময় অতিবাহিত করুন।

**২৩। প্রশংসা –** অনেক সংস্কৃতিতে পুরুষরা যে সমস্ত নারীদের সঙ্গে মিলিত হয় অথবা জীবন যাপন করে তাদের বিরুদ্ধে বিভিন্ন মন্তব্য তৈরী করে। পরমগীত ৪:৭ পদে স্বামীরা কীভাবে স্ত্রীদের প্রশংসা করতে পারে তার একটি উদাহরণ আছে:

"অয়ি মম প্রিয়ে! তুমি সর্ব্বাঙ্গসুন্দরী, তোমাকে কোন দোষ নাই।" প্রার্থনা করুন যাতে আপনার মুখের কথায় আপনার স্ত্রী সম্মান অনুভব করে এবং আনন্দিত হয়!

**২৪। ধনভাণ্ডার –** সব থেকে বড় ধনসম্পদ টাকা অথবা মূল্যবান ধাতু দিয়ে তৈরী হয় না। অসংখ্য লোকেরা বস্তুগত সম্পদ অথবা যশের জন্য পরিবারের মতো তাদের সব থেকে মূল্যবান সম্পদ হারিয়ে ফেলেন। সেই কারণে, যে বিষয়ের প্রকৃতরূপে মূল্য আছে সেই বিয়য়ে উপযুক্ত দৃষ্টিভঙ্গি রক্ষা করার বিষয় যত্নশীন হওয়ার জন্য প্রার্থনা করুন। (মথি ৬:২১)

**২৫। দক্ষতা –** বাইবেল শিক্ষা দেয় যে কাজ হচ্ছে সদাপ্রভুর কাছ্ থেকে পাওয়া উপহার, এবং আমাদের পেশায় দক্ষতা দানের মাধ্যমে পবিত্র আত্মা আমাদের সক্ষম করেন এবং পরিচালিত করেন। যাত্রাপুস্তক ৩৫:৩১ পদের উদাহরণটি লক্ষ করুন যেখানে সদাপ্রভু বৎসলেলকে দক্ষতা, সামর্থ এবং জ্ঞান দিয়েছিলেন। আপনিও, আজ আপনার সামনে যে কাজ আছে তা ভালোভাবে করার জন্য অনুপ্রেরণা এবং সামর্থ দানের জন্য আপনিও প্রভুর কাছে যাচ্ঞা করতে পারেন।

**২৬। আরাধনা –** "সদাপ্রভুর উদ্দেশে তাঁহার নামের গৌরব কীর্ত্তন কর; পবিত্র শোভায় সদাপ্রভুর কাছে প্রণিপাত কর" (গীত ২৯:২)। হে প্রভু, পরিবার হিসাবে এবং চার্চের সাথে একসঙ্গে আমরা তোমার প্রশংসা করতে চাই, তুমি কে তা বুঝতে চাই – তুমি সর্বশক্তিমান, পবিত্র এবং কৃপাময় ঈশ্বর। তুমি প্রশংসার মধ্যে বাস করো! আমরা তোমার নামের আরাধনা করি!

**২৭।দায়িত্ব –** "তাহাদিগকে উদ্ধার কর, যাহারা মৃত্যুর কাছে নীত হইতেছে, যাহারা কাঁপিতে কাঁপিতে বধস্থানে যাইতেছে..." (হিতোপদেশ ২৪:১১)। ক্রুশের উপর যীশু খ্রীষ্ট মানবজাতিকে অনন্তকালীন শাস্তি এবং মৃত্যু থেকে উদ্ধার করেছিলেন। তাঁকে বিশ্বাস করার দ্বারা, একজন ব্যক্তি অনন্ত জীবন লাভ করতে পারে। দায়িত্ব গ্রহণ করুন। সুসমাচারের বার্তাটি সহভাগিতা করুন!

**২৮। পুরুষত্ব –** "তোমরা জাগিয়া থাক, বিশ্বাসে দাঁড়াইয়া থাক, বীরত্ব দেখাও, বলবান্ হও" (১ করি ১৬:১৩)। পুরুষের চরিত্র শুধুমাত্র ঘটে না কিন্তু তাদের ইচ্ছাকে অনুশীলন করতে হয়। তাদেরকে কোনটা ঠিক তা নিরূপণ করতে শিখতে হয়, এবং তারা ঈশ্বরের বাক্যের বাধ্য হওয়ার বিষয় প্রশিক্ষিত হয়। এই ধরণের ঈশ্বরের একজন পুরুষ হওয়ার জন্য প্রার্থনা করুন।

**২৯।ঈশ্বরের ভয় –** "সদাপ্রভুর ভয় জ্ঞানের আরম্ভ; অজ্ঞানেরা প্রজ্ঞা ও উপদেশ তুচ্ছ করে" (হিতোপদেশ ১:৭)। ঈশ্বরের প্রতি আমাদের সশ্রদ্ধ ভয় হচ্ছে

আমাদের নিজেদের মঙ্গলের জন্য। এটি আমাদের পাপ থেকে দূরে রাখে এবং তাঁর অনুশাসন অনুসরণ করার বিষয়ে আমাদের পরিচালিত করে। ঈশ্বর আমাদের সম্মানের যোগ্য। প্রেমে তিনি তাঁর পুত্রের বলিদানের মাধ্যমে আমাদের পরিত্রাণ দিয়েছেন।

**৩০। কর্ত্তৃত্বভার –** "...আর তাঁহারই স্কন্ধের উপরে কর্ত্তৃত্বভার থাকিবে" (যিশাইয় ৯:৬)। এই পৃথিবীতে যাদের ক্ষমতা এবং প্রভাব আছে তাদের উপরেই সিদ্ধান্তগুলি নির্ভর করে বলে মনে হলেও, উৎসাহিত হন, আমাদের ঈশ্বরই শেষ কথা বলবেন। এই সময়ের মধ্যে, সরকারে যে সমস্ত পুরুষ এবং মহিলারা আছেন তাদের প্রতি আশীর্ব্বাদের জন্য বিবেকসম্মতভাবে প্রার্থনা করুন।

**৩১। প্রার্থনা –** "কোন বিষয়ে ভাবিত হইও না, কিন্তু সর্ব্ববিষয়ে প্রার্থনা ও বিনতি দ্বারা ধন্যবাদ সহকারে তোমাদের যাচ্ঞা সকল ঈশ্বরকে জ্ঞাত কর" (ফিলিপীয় ৪:৬)।গভীর মানসিক আঘাতযুক্ত ঘটনাগুলি, পারিবারিক ইতিহাস, স্বাস্থ্যের সমস্যাগুলি এবং নেতিবাচক চিন্তাগুলি দুশ্চিন্তা বৃদ্ধি করতে পারে। সব থেকে ভালো বিষয়টি পছন্দ করুন। আপনার সমস্যাগুলি প্রভুর উপর অর্পণ করুন এবং তাঁর প্রতিবিধানের জন্য প্রতীক্ষা করুন।

**যোগাযোগের জন্য:** ট্রান্স ওয়ার্ল্ড রেডিও ইন্ডিয়া, পোস্ট ব্যাগ নং -১, পোস্টঃ জোকা
কোলকাতা ৭০০১০৪,
মোবাইল: ৯৪৩৩৪৯৭২৩৫।
**You tube : TWR India Bengali**

ওয়েব সাইটঃ **www.twr.in**